



# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাট্টে, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

<https://hau.ac.bd>

[prp@hau.ac.bd](mailto:prp@hau.ac.bd)

## শুভেচ্ছা বার্তা

সিলেটের সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (CRD) আয়োজিত জাতীয় পর্যায়ের গবেষণা প্রতিযোগিতা ‘AXIOM Season 1’-এ হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের প্রথম ব্যাচের শিক্ষার্থী নাদিম মাহমুদ এবং দ্বিতীয় ব্যাচের শিক্ষার্থী তাসিন হোসেন নাবিল ও রাব্বি আল হুদা’র টিম ‘Fermnexa’ প্রথম স্থান অধিকার করেছে। সারা বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে অংশ নেয়া মোট ১৩১টি দলের মধ্যে মাত্র ৭টি দল চূড়ান্ত পর্বের জন্য নির্বাচিত হয়, যার মধ্যে হবিগঞ্জের টিম ‘Fermnexa’ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। এই বিজয় গবেষণার ক্ষেত্রে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের সক্ষমতার প্রমাণ দেয়। গবেষণার ক্ষেত্রে আমাদের শিক্ষার্থীদের এই অসামান্য সাফল্য প্রমাণ করে যে, সঠিক ইচ্ছা আর পরিশ্রম থাকলে যেকোনো বড় লক্ষ্য অর্জন সম্ভব। টিম ‘Fermnexa’-এর বিজয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের গবেষণায় আগ্রহী ও অনুপ্রাণিত করবে।

টিম ‘Fermnexa’-এর এই অসামান্য অর্জনে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আনন্দিত এবং তাদের উত্তরোত্তর সাফল্য কামনা করছে। হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিজয়ী দলকে অনেক অনেক অভিনন্দন ও আগামী দিনের জন্য শুভ কামনা।